দৈনিক খবর

তারিখ ...12 JUN 1988...

# শিক্ষা অফিসারের বিরুদ্ধে টাকা আত্মসাতের অভিযোগ

মঠবাড়িয়া, (পিরোজপুর), ৯ই আগস্ট (সংবাদদাতা)।— মঠবাড়িয়া উপজেলা শিক্ষা অফিসারের বিরুদ্ধে ৫ লাখ টাকা আত্মসাতের এক অভিযোগ পাওয়া গেছে।

উপজেলার বিভিন্ন প্রাথমিক স্কুলের ৭ জন শিক্ষকের স্বাক্ষরকৃত এক অভিযোগে প্রকাশ, '৮৭ সালে চিত্তবিনোদন বিল দেয়ার সময় ১০৫ জন শিক্ষকের কাছ হতে (প্রতি শিক্ষক) ১শ' থেকে ২শ' টাকা, টাইম স্কেলের জন্য ২শ' থেকে ৫শ' টাকা, পেনশন কেসের জন্য ২ থেকে ৩ হাজার টাকা, মেডিকেল বিলের জন্য ১শ' থেকে ২শ' টাকা, সাধারণ বদলীর জন্য ৫শ' থেকে ১ হাজার টাকা, ম্যাটানিটি বিলের জন্য ১শ' টাকা পর্যন্ত বলপূর্বক আদায় করেছে। এছাড়াও তিনি কন্টিজেন্সি বিলের ৭ হাজার ও বিদ্যালয়ের মালামাল ক্রয়ের টাকা থেকে ৩/৪ হাজার টাকা আত্মসাৎ করেছে। এ ব্যাপারে তাকে উপজেলা সহকারী শিক্ষা অফিসার রুহুল আমিন খান ও নূরুল ইসলাম সহযোগিতা করেছে বলে অভিযোগে প্রকাশ। তারা স্থানীয় বাসিন্দা বলে প্রভাব খাটাচ্ছে।

উল্লেখিত অংকের টাকা না দিলে শিক্ষকদের যাবতীয় সরকারী পাওনা বন্ধ ও বদলীর হুমকি পর্যন্ত দেয়া হচ্ছে। অনেক শিক্ষক এই বিরাট অংকের দাবী মিটাতে না পেরে বর্তমানে পরিবার-পরিজন নিয়ে খুবই মানবেতর জীবনযাপন করছে। এসব ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগে বেশ কয়েকবার অভিযোগ করেও কোন লাভ হয়নি। উল্লেখিত অভিযোগগুলোর কথা উল্লেখ করে ঢাকার দুর্নীতি দমন সংস্থায় একটি অভিযোগপত্র দেয়া হয়েছে।